

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
(রাজস্ব শাখা)
www.chapainawabganj.gov.bd

স্মারক : ৩১.৪৩.৭০০০.০১৫.০৩.০০২.২০. ১৫১১

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮
৩০ সেপ্টেম্বর ২০২১

সায়রাতভুক্ত মেলা ইজারা বিজ্ঞপ্তি

চাঁপাইনবাবগঞ্জ জেলার নিম্ন সায়রাতভুক্ত মেলা ১৪২৮ বঙ্গাব্দের জন্য ইজারা প্রদানের নিমিত্ত যে কোন ব্যক্তি/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

সায়রাতভুক্ত মেলার নাম	অবস্থান	১৪২৮ বঙ্গাব্দের জন্য সরকারি সম্ভাব্য ইজারামূল্য	দরপত্র ফরমের মূল্য
তর্ডিপুর গঞ্জামান মেলা	উপজেলা: শিবগঞ্জ	১,১৩,৪২০/-	৫০০/-


দরপত্র দাখিলের সময় উদ্ধৃত দরের ২০% (শতকরা বিশ) টাকা যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জামানত স্বরূপ (ফেরতযোগ্য) জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর অনুকূলে দরপত্রের সাথে অবশ্যই সংযোজন করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। জেলা প্রশাসক কর্তৃক সর্বোচ্চ দর অনুমোদিত হওয়ার ০৭(সাত) দিনের মধ্যে পরিশোধযোগ্য সমুদয় টাকা সরকারি খাতে জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে সম্পূর্ণ টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানত স্বরূপ রক্ষিত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর সম্পূর্ণ টাকা বাজেয়াপ্ত করা হবে এবং দরপত্র বাতিল বলে গণ্য হবে।

প্রথম দফায় সন্তোষজনক দর পাওয়া না গেলে/দরপত্র দাখিল না হলে ২য় দফায় দরপত্র গ্রহণ করা হবে। চূড়ান্ত দরপত্র গৃহীত না হওয়া পর্যন্ত অনুরূপভাবে পর্যায়ক্রমে দফাওয়ারি দরপত্র গ্রহণ করা হবে। এ জন্য আলাদাভাবে কোন দরপত্র বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ করা হবে না। তবে দফাওয়ারি দরপত্র গ্রহণের জন্য সায়রাতভুক্ত মেলার তালিকা এ অফিসের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। দরপত্র দাখিলের দিনে কোন দরপত্র ফরম বিক্রয় করা হবে না। এ সংক্রান্ত যাবতীয় তথ্য জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা থেকে জানা যাবে।

অতিরিক্ত শর্তাবলী দরপত্রের অংশ হিসাবে গণ্য হবে। কর্তৃপক্ষ সর্বোচ্চ দর গ্রহণে বাধ্য নহে। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

সায়রাতভুক্ত মেলার দরপত্র কার্য নিম্নবর্ণিত তফসিল মোতাবেক পরিচালিত হবে:

দফা	দরপত্র ফরম প্রাপ্তির স্থান	দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন সময়)	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র দাখিলের স্থান	দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়
১ম	জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা), চাঁপাইনবাবগঞ্জ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ এবং উপজেলা ভূমি অফিস, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ	১৭.১০.২০২১	১৮.১০.২০২১ বেলা ১.০০ টা পর্যন্ত	জেলা প্রশাসকের কার্যালয়, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়	জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ ১৮.১০.২০২১ বেলা ৩.০০টা
২য়	ঐ	২৫.১০.২০২১	২৬.১০.২০২১ বেলা ১.০০ টা পর্যন্ত	ঐ	২৬.১০.২০২১ বেলা ৩.০০টা
৩য়	ঐ	০২.১১.২০২১	০৩.১১.২০২১ বেলা ১.০০ টা পর্যন্ত	ঐ	০৩.১১.২০২১ বেলা ৩.০০টা


৩০/০৯/২০২১


(মোঃ মহসীন মৃধা)

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
চাঁপাইনবাবগঞ্জ

সায়রাতভুক্ত মেলা ইজারার অতিরিক্ত শর্তাবলী ও নিয়মাবলী

- ০১ সরকারি ছুটির দিন এবং দরপত্র দাখিলের দিনে কোন দরপত্র ফরম বিক্রয় করা হবে না।
- ০২ দরপত্র দাখিলের পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যবসায়ী প্রতিষ্ঠানকে ইজারাযোগ্য মেলার অবস্থান সরেজমিনে দেখে নিতে হবে।
- ০৩ সীলমোহরকৃত খামের উপর মেলার নাম উল্লেখ করতে হবে।
- ০৪ প্রাকৃতিক কারণ কিংবা অন্য কোন দুর্ঘটনা অথবা কোন যৌক্তিক কারণে মেলা ক্ষতিগ্রস্ত হলে কর্তৃপক্ষকে দায়ী করা চলবে না।
- ০৫ দরপত্রে উদ্ধৃত দরের ২০% (শতকরা বিশ) টাকা যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটআকারে জামানত স্বরূপ জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর অনুকূলে দরপত্রের সাথে অবশ্যই সংযোজন করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৬ দরপত্র কমিটি কর্তৃক সর্বোচ্চ টেন্ডার অনুমোদনের তারিখ হতে পরবর্তী ৭(সাত) কার্যদিবসের মধ্যে সমুদয় টাকা জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
- ০৭ ইজারা মূল্যের উপর ১০% (শতকরা দশ) হিসেবে উৎসে কর এবং ১৫% (শতকরা পনের) হিসেবে ভ্যাট প্রদান করতে হবে। এছাড়া সরকার কর্তৃক বিভিন্ন সময় আইন ও বিধি দ্বারা নির্ধারিত সকল প্রকারের কর প্রযোজ্য হবে।
- ০৮ দরপত্র দাতা দরপত্র ফরম ও শর্তাবলীর প্রতি পাতায় নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করে দরপত্র দাখিল করবেন। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৯ দরপত্রে উদ্ধৃত দর স্পষ্ট অক্ষরে অংকে ও কথায় লিখতে হবে। ভুল সংশোধন/কাটাকাটি/ওভাররাইটিং যুক্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১০ শর্তযুক্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১১ গৃহীত দরপত্রের সম্পূর্ণ অর্থ পরিশোধ করার পর দরপত্র দাতাকে স্ব-উদ্যোগে এক সপ্তাহের মধ্যে কর্তৃপক্ষের সঙ্গে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের/সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প নির্ধারিত ফরমে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অতঃপর কৃতকার্য দরপত্র দাতাকে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা/সার্ভেয়ারের মাধ্যমে মেলার দখল আনুষ্ঠানিকভাবে বুঝিয়ে দেয়া হবে।
- ১২ চুক্তিপত্র সম্পাদনে ব্যর্থতার ক্ষেত্রে উদ্ধৃত জটিলতার জন্য কর্তৃপক্ষকে দায়ী করা চলবে না।
- ১৩ ইজারাগ্রহীতা মেলার ভূমির কোনরূপ ক্ষতিসাধন করতে পারবে না। এরূপ কোন ক্ষতি সাধিত হলে কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদান করতে ইজারাদার বাধ্য থাকবেন।
- ১৪ মেলা অনুষ্ঠান শেষ হওয়ার সাথে সাথে ১৪২৮ বঙ্গাব্দের ইজারার মেয়াদ শেষ হয়েছে বলে গণ্য হবে।
- ১৫ ইজারার মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ইজারা গ্রহীতা কর্তৃপক্ষের নির্ধারিত প্রতিনিধি (পৌর/ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/সার্ভেয়ার) এর নিকট সরেজমিনে মেলার দখল প্রত্যর্পণ করবেন।
- ১৬ ইজারা গ্রহীতা কোন ক্রমেই ইজারা প্রাপ্ত মেলা সাব-লীজ দিতে পারবে না। ইজারা গ্রহীতা সাব-লীজ প্রদান করলে বা ইজারার কোন শর্ত ভঙ্গ করলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ১৭ দরপত্র অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক কোন কারণে সর্বোচ্চ দর অনুমোদন না হলে দরপত্র বাতিল করা যাবে এবং দরপত্র দাতার জমাকৃত অর্থ সুদ ছাড়া ফেরত দেয়া হবে।
- ১৮ উপরের যে কোন শর্ত ভঙ্গের জন্য ইজারা গ্রহীতা দায়ী থাকবেন।
- ১৯ সর্বোচ্চ দর গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নন। প্রয়োজনে কর্তৃপক্ষ আরও নতুন শর্ত আরোপ করতে পারবেন যা ইজারাগ্রহীতা মেনে চলবেন।
- ২০ কোন কারণ ছাড়াই যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

টেন্ডার দাতার স্বাক্ষর(তারিখসহ)


৩০/০৭/২০২১

(মোঃ মহসীন মৃধা)

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

চাঁপাইনবাবগঞ্জ


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
(রাজস্ব শাখা)
www.chapainawabganj.gov.bd

স্মারক : ৩১.৪৩.৭০০০.০১৫.০৩.০০২.২০- ২৫১১(২০০)

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮
৩০ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ০১। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ
- ০২। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ
- ০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট
- ০৫। সহকারী কমিশনার (ভূমি), চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট
- ০৬। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ। বিজ্ঞপ্তি এ অফিসের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। চেয়ারম্যান (সকল)-----ইউনিয়ন, উপজেলা-----জেলা: চাঁপাইনবাবগঞ্জ
- ০৮। পোস্ট মাস্টার (সকল)-----ইউনিয়ন, উপজেলা-----জেলা: চাঁপাইনবাবগঞ্জ
- ০৯। পৌর/ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল)-----পৌর/ইউনিয়ন ভূমি অফিস, উপজেলা-----
-----জেলা: চাঁপাইনবাবগঞ্জ। তাকে তার ইউনিয়ন/পৌর এলাকাধীন সায়রাতভুক্ত মেলার ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তিটি স্থানীয় হাট/বাজারে ঢোল সহরত পূর্বক প্রচার করতঃ প্রতিবেদন দরপত্র দাখিলের জন্য ধার্য তারিখের পূর্বে অত্র দপ্তরে দাখিলের জন্য বলা হলো।
- ১০। বিগত ৫ বৎসরের ইজারাদার (সকল), জনাব-----পিতা-----গ্রাম-----
---ডাকঘর-----উপজেলা-----জেলা: চাঁপাইনবাবগঞ্জ
- ১১। অত্র অফিসের নোটিশ বোর্ড।



(মোঃ রুহুল আমিন)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
চাঁপাইনবাবগঞ্জ

